চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৫ অক্টোবর ২০২১খ্রি.

পতেঙ্গা সমুদ্র সৈকতে প্রতিমা বিসর্জন অনুষ্ঠানে মেয়র
দেবী দুর্গা সকলের অন্তরের
শান্তিময়ী মায়ের প্রতীকী রূপ

চট্টগ্রাম সিটি কর্পোরেমনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী শারদীয় দুর্গোৎসবের বিজয়া দশমী তিথিতে সনাতন ধর্মাবলম্বীদের শুভেচ্ছা জানিয়ে বলেন, প্রত্যেকের অন্তরে মা জননী বিরাজমান। সনাতন ধর্মাবলম্বীদের দেবী দুর্গা তাদের কাছে মায়ের প্রতীকী রূপ। এই রূপ অসুর বিনাশী শুভ-শান্তি-কল্যাণ ও মঙ্গলের দীপ শিখা। এই শিখা সকল ধর্মের আলোক-রশ্মি। তিনি আজ শুক্রবার বিকেলে পতেঙ্গা সমুদ্র সৈকতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের তত্ত¡াবধানে দেবী দুর্গার প্রতিমা বিসর্জন অনুষ্ঠানে প্রদান অতিথির বক্তব্যে এ কথা বলেন।
তিনি আরো বলেন, বাংলাদেশ ঐতিহ্যগত শান্তিময় সম্প্রীতির জনপদ। এখানে প্রত্যেক ধর্মাবলম্বী মানুষের ধর্মাচরণ পালনের অধিকার আছে। এ দেশে ধর্ম যার যার, কিন্তু উৎসব সবার ঈদ বা দুর্গা পূজা যখন উৎসবে পরিণত হয় তখন ধর্মীয় ভেদাভেদ থাকে না, ধর্ম নির্বিশেষে সকলে এই উৎসব উদ্যাপন করেন। তিনি দুঃখ প্রকাশ করে বলেন, একটি ¯^ার্থাঃেষী মহল যারা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের অভূতপূর্ব উন্নয়নে ঈর্ষাঃি^ত হয়ে তারা আন্তঃধর্মীয় সম্প্রীতি ক্ষুন্ন করে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টিতে তৎপর। এরা ধর্মীয় জঙ্গিবাদের প্রশ্রয় দাতা। তাদেরকে সম্মিলিত প্রচেষ্টায় প্রকৃত ধার্মিক ও মানবিক মানুষের সুদৃঢ় ঐক্যে রুখতে হবে।
চট্টগ্রাম সিটি কর্পোরেশনের দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ড কাউন্সিলর ছালেহ আহম্মদ চৌধুরীর সভাপতিত্বে প্রতিমা বিসর্জন অনুষ্ঠানে বক্তব্য রাখেন-প্যানেল মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দিন, ওয়ার্ড কাউন্সিলর জিয়াউল হক সুমন, আবদুস সালাম মাছুম, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, উপ-সচিব আশেক রসুল চৌধুরী টিপু, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) রেজাউল বারী ভূঁইয়া, আশিকুল ইসলাম, মির্জা ফজলুল কাদের, উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মোরশেদুল আলম চৌধুরী প্রমুখ। অনুষ্ঠান শেষে মেয়র প্রতিমা বিসর্জন পর্বের সুচনা করেন।

স্বাক্ষরিত/-
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩